



Sub: Bengali Text Work Sheet-7

Class: 8

Date: 15.05.2020

## বিষয় : নতুনদা - শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

সঠিক উত্তরটি নির্বাচন কর :-

- ১। 'বাবু কহিলেন, হাত পা একটু খেলানো চাই।' - কোথাকার বাবু?  
(ক) বাংলাদেশের (খ) কলিকাতার  
(গ) সিঙ্গাপুরের (ঘ) কোনটি নয়
- ২। 'অতএব ইন্দ্র তাঁহাকে \_\_\_\_\_ করিয়া নামাইয়া দিল।' - শূন্যস্থানে কোন্ শব্দ বসবে?  
(ক) কোলে (খ) চ্যাংদোলা  
(গ) কাঁধে (ঘ) ঘাড়ে
- ৩। 'জ্যোৎস্নার আলোক' বলতে কি বোঝানো হয়েছে?  
(ক) পূর্ণ চাঁদের আলো (খ) অমাবস্যার চাঁদের আলো  
(গ) সূর্যের আলো (ঘ) বৈদ্যুতিন আলো
- ৪। 'সৈকত' শব্দের অর্থ কি?  
(ক) সেতু (খ) বালিয়ারী  
(গ) সমুদ্র (ঘ) সমুদ্রের চরা/পাড়
- ৫। 'গঙ্গার শুভ্র সৈকতে \_\_\_\_\_ করিতে লাগিলেন।' - শূন্যস্থানে কোন্ শব্দটি বসবে?  
(ক) হাঁটাইটি (খ) পদচারণা  
(গ) বায়ু সেবন (ঘ) ঘোরাঘুরি
- ৬। 'আমরা দুজনে তাঁহার ক্ষুধাশান্তির উদ্দেশে গ্রামের ভিতরে যাত্রা করিলাম।' - 'আমরা দুজন' বলতে —  
(ক) উমেশ-নবীন (খ) অপু-দুর্গা  
(গ) শ্রীকান্ত-ইন্দ্রনাথ (ঘ) সিদ্ধার্থ-ছন্দক
- ৭। 'ক্ষুদ্র পল্লী' শব্দের অর্থ হল —  
(ক) ছোট পাড়াগাঁ (খ) ছোট ঘর  
(গ) ছোট জাত (ঘ) কোনটি নয়
- ৮। 'আহার্য সংগ্রহ করা সহজ ব্যাপার নয়' - 'আহার্য সংগ্রহ' বলতে বোঝায় —  
(ক) খাবার তৈরী করা (খ) খাবার জোগার করা  
(গ) খাবার পরিবেশন করা (ঘ) কোনটি নয়
- ৯। 'এখানে \_\_\_\_\_ নেই,' - শূন্যস্থানে কোন্ শব্দ বসবে?  
(ক) লোকজন (খ) কেউই  
(গ) চোর-টোর (ঘ) চোরের ভয়
- ১০। 'নতুনদা মুখখানা \_\_\_\_\_ করিয়া বলিলেন,' - শূন্যস্থানে বসবে —  
(ক) ভেংচাইয়া (খ) বিকৃত  
(গ) হাঁড়ির মত (ঘ) কোনটি নয়

- ১১। ‘আমি \_\_\_\_\_ ছেলে,’ - শূন্যস্থানে কোন্ শব্দ বসবে ?  
(ক) কলকাতার (খ) শহরের  
(গ) শিক্ষিত (ঘ) দর্জিপাড়ার
- ১২। ‘যম্কে ভয় করিনে জানিস’ - ‘যম্’ বলতে এখানে কাকে বোঝানো হয়েছে?  
(ক) মৃত্যুর দেবতা (খ) দেবতা  
(গ) বিপদ (ঘ) কোনটি নয়
- ১৩। ‘ব্যাটাদের’ গায়ের গন্ধ নাকে গেলেও আমাদের ব্যামো হয়।’ - ‘ব্যামো’ শব্দের অর্থ হল —  
(ক) বমি (খ) অসুখ  
(গ) বিপদ (ঘ) কোনটি নয়
- ১৪। ‘অথচ তাঁহার মনোগত অভিপ্রায় ....’ - ‘অভিপ্রায়’ শব্দের অর্থ হল —  
(ক) আকাঙ্ক্ষা/ইচ্ছা (খ) ভাবনা  
(গ) অনুভূতি (ঘ) কোনটি নয়
- ১৫। ‘ইন্দ্রর সঙ্গেই প্রস্থান করিলাম।’ — ‘প্রস্থান’ শব্দের অর্থ হল —  
(ক) প্রকৃষ্ট স্থান (খ) আসল জায়গায়  
(গ) চলে যাওয়া অর্থে (ঘ) কোনটি নয়

**Amit Kundu**

\*\*\*\*\*